# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড

২নং অরফ্যানেজ রোড, বকশি বাজার, ঢাকা-১২১১

**Website:** www.bmeb.gov.bd, **E-mail:** info@bmeb.gov.bd, **Fax:** 58616681, 58617908, 9615576


নং-বামাশিবো/প্রশা/খাগড়াছড়ি-১৪/২৫

তারিখ: ০৪ জ্যৈষ্ঠ ১৪৩২ / ১৮ মে ২০২৫খ্রি.

**বিষয়ঃ মানিকছড়ি ইসলামিয়া দাখিল মাদ্রাসার সুপার জনাব মোঃ নাছির উদ্দিন-এর নিকট দায়িত্ব হস্তান্তর প্রসঙ্গে**

সূত্র: (১) নং-বামাশিবো/প্রশা/খাগড়াছড়ি-১৪/১৬২(৯), তারিখ: ২৮/১২/২০২২খ্রি.

(২) মোঃ নাছির উদ্দিন, সুপার, মানিকছড়ি ইসলামিয়া দাখিল মাদ্রাসা এর আবেদন, তারিখ: ১৭/০৫/২০২৫খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রদ্বয়ের আলোকে জানানো যাচ্ছে যে, খাগড়াছড়ি জেলার মানিকছড়ি উপজেলাধীন মানিকছড়ি ইসলামিয়া দাখিল মাদ্রাসার সুপার জনাব মোঃ নাছির উদ্দিন সুপার পদে যথাযথ দায়িত্ব পালন করবেন মর্মে সূত্রোক্ত ০১নং স্মারকে বোর্ড কর্তৃক পত্রজারী করা হয়। বোর্ড কর্তৃক জারীকৃত পত্রে দায়িত্ব হস্তান্তরের কোন নির্দেশনা না থাকায় অদ্যাবধি ভারপ্রাপ্ত সুপার কর্তৃক জনাব মোঃ নাছির উদ্দিন-এর নিকট সুপারের দায়িত্ব হস্তান্তর করা হয়নি মর্মে সূত্রোক্ত ০২নং স্মারকে জনাব মোঃ নাছির উদ্দিন বোর্ডে আবেদন করেন। সূত্রোক্ত ০২নং স্মারকের আবেদন এবং বোর্ডে রক্ষিত কাগজপত্রাদি পর্যালোচনায় দেখা যায়, জনাব মোঃ নাছির উদ্দিন মাদ্রাসাটির বৈধ সুপার। বিধি মোতাবেক মাদ্রাসার প্রশাসনিক ও একাডেমিক যাবতীয় কার্যক্রম সুপারের মাধ্যমে পরিচালিত হওয়া আবশ্যক।

এমতাবস্থায়, জনাব মোঃ নাছির উদ্দিন-এর নিকট সুপারের দায়িত্ব হস্তান্তরের প্রয়োজনীয় ব্যবস্থাগ্রহণের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্ত : বর্ণনা মোতাবেক

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

১৮/০৫/২৫

প্রফেসর মোঃ আব্দুছ ছাত্তার মিয়া
রেজিষ্ট্রার
ফোন: ০২-৯৬১২৮৫৮
ই-মেইল: registar@bmeb.gov.bd

উপজেলা নির্বাহী অফিসার
মানিকছড়ি, খাগড়াছড়ি।

চলমান পাতা -০২

D:\Letter for LA Vatted\Jalisha Hazi Hasmot - Copy (2).doc

নং-বামাশিবো/প্রশা/খাগড়াছড়ি-১৪/ ২৫(৮)

তারিখ: ০৪ জ্যৈষ্ঠ ১৪৩২ / ১৮ মে ২০২৫খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. জেলা প্রশাসক, খাগড়াছড়ি;
২. জেলা শিক্ষা অফিসার, খাগড়াছড়ি;
৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, মানিকছড়ি, খাগড়াছড়ি;
৪. জনাব নাছির উদ্দিন, সুপার, মানিকছড়ি ইসলামিয়া দাখিল মাদ্রাসা, মানিকছড়ি, খাগড়াছড়ি;
৫. জনাব মু. সাইফুদ্দিন, সহ:সুপার, মানিকছড়ি ইসলামিয়া দাখিল মাদ্রাসা, মানিকছড়ি, খাগড়াছড়ি (ভারপ্রাপ্ত সুপারের দায়িত্ব পালনকালীন সময়ের সকল কাগজপত্র সুপারের নিকট বুঝিয়ে দেয়ার অনুরোধসহ);
৬. পি এ টু চেয়ারম্যান/ পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৭. আইন সেল, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৮. অফিস কপি ।

১৮/৫/২৫

মোঃ আব্দুর রশিদ
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
ফোন: ০২২২৩৩৬৪৮৭৪
ই-মেইল:dradmin@bmeb.gov.bd

# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576

নং-বামাশিবো/প্রশা/খাগড়াছড়ি-১৪/ ৯৫২(৯) তারিখ: ১৩ পৌষ ১৪২৯ / ২৮ ডিসেম্বর ২০২২

বিষয়: রিট পিটিশন নং-৯৫৮৮/২০২২ এর আদেশ নিষ্পত্তি ও সুপার পদে দায়িত্বপালন প্রসঙ্গে।

সূত্র: ১. জনাব মো: নাছির উদ্দিন এর ২১/০৭/২০২২ খ্রি. তারিখের আবেদন;
২. রিট পিটিশন নং-৯৫৮৮/২০২২
৩. নং-বামাশিবো/প্রশা/খাগড়াছড়ি-১৪/১৪৩; তারিখ: ১৮ অক্টোবর ২০২২;

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, খাগড়াছড়ি জেলার মানিকছড়ি উপজেলাধীন মানিকছড়ি ইসলামিয়া দাখিল মাদ্রাসার সুপার পদে পূর্ণাঙ্গ দায়িত্ব পালনের জন্য জনাব মো: নাছির উদ্দিন ২১/০৭/২০২২ তারিখে অত্র বোর্ডে আবেদন করেন। পরবর্তীতে জনাব মো: নাছির উদ্দিন তাঁর ২১/০৭/২০২২ তারিখের আবেদন বাস্তবায়নের নিমিত্ত মহামান্য সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-৯৫৮৮/২০২২ দায়ের করেন। মহামান্য সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগ জনাব মো: নাছির উদ্দিন এর আবেদন নিষ্পত্তির জন্য বোর্ডকে নির্দেশনা প্রদান করেন। উক্ত নির্দেশনা মোতাবেক অত্র বোর্ড কর্তৃক আবেদন নিষ্পত্তির লক্ষ্যে মাদ্রাসার সুপার/ভারপ্রাপ্ত সুপার, পরিচালনা কমিটির সভাপতি ও রিটকারী জনাব মো: নাছির উদ্দিনসহ সংশ্লিষ্ট সকলকে শুনানীতে অংশগ্রহণপূর্বক স্ব-স্ব দাবীর পক্ষে সমর্থনীয় কাগজপত্রসহ লিখিত ও মৌখিক বক্তব্য প্রদানের জন্য সূত্রোক্ত ০৩ নং স্মারকে পত্র দেয়া হয়। শুনানীতে মাদ্রাসা পরিচালনা কমিটির সভাপতি, ভারপ্রাপ্ত সুপার ও রিটকারী জনাব মো: নাছির উদ্দিন উপস্থিত হয়ে মৌখিক ও লিখিত বক্তব্যসহ প্রয়োজনীয় কাগজপত্র দাখিল করেন।

০২. দাখিলকৃত কাগজপত্র ও লিখিত বক্তব্যের বিস্তারিত পর্যালোচনায় দেখা যায়, ১০/০১/২০০৫ তারিখের রেজুলেশনে উল্লেখিত দৈনিক নয়াজামান পত্রিকায় সুপার নিয়োগের বিজ্ঞপ্তি দেয়া হয় এবং লিখিত ও মৌখিক পরীক্ষায় উত্তীর্ণ জনাব মো: নাসির উদ্দিনেকে সুপার পদে নিয়োগের সিদ্ধান্ত গৃহীত হয়। সে মোতাবেক জনাব মো: নাসির উদ্দিনেকে ১৪/০১/২০০৫ তারিখে নিয়োগপত্র প্রদান এবং ১৫/০১/২০০৫ তারিখে অত্র প্রতিষ্ঠানে যোগদান করানো হয়। পরবর্তীতে জনাব মো: নাসির উদ্দিন এর অনুপস্থিতির বিষয়ে ০১/০৭/২০০৯ তারিখের রেজুলেশনে উল্লেখিত পর পর তিনটি কারণ দর্শানো হয় কিন্তু তাঁকে সাময়িক বরখাস্ত করা হয়নি, বরখাস্ত বিষয়ে তদন্ত কমিটি গঠন করা হয়নি এবং বোর্ড কর্তৃক অনুমোদনপূর্বক চূড়ান্ত বরখাস্ত করা হয়নি। সুপার জনাব মো: নাছির উদ্দিন এর বরখাস্তকরণ প্রক্রিয়া বেসরকারী মাদ্রাসা শিক্ষকের চাকরিবিধি-১৯৭৯ এর বিধি ১৪ (১) অনুসারে কারণ দর্শানোরসহ বিধি ১৪ (২) এর পরিপন্থী মর্মে প্রতীয়মান হয়।

০৩. বর্ণিত অবস্থায়, বরখাস্তকরণ প্রক্রিয়া বিধি মোতাবেক না হওয়ায় মাদ্রাসাটি সুষ্ঠুভাবে পরিচালনার স্বার্থে জনাব মো: নাছির উদ্দিন পত্র জারির পর থেকে অত্র মাদ্রাসার সুপার পদে যথাযথ দায়িত্ব পালন করবেন মর্মে সংশ্লিষ্ট সকলকে অবহিত করে ২১/০৭/২০২২ তারিখের আবেদন নিষ্পত্তি করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

২৮.১২.2022

(মো: সিদ্দিকুর রহমান)
রেজিস্ট্রার
ফোন: ৯৬১২৮৫৮
ই-মেইল: registrar@bmeb.gov.bd

২৮/১২/২২

জনাব মো: নাছির উদ্দিন
সুপার, মানিকছড়ি ইসলামিয়া দাখিল মাদ্রাসা, মানিকছড়ি, খাগড়াছড়ি।

নং-বামাশিবো/প্রশা/খাগড়াছড়ি-১৪/ ৯৫২(২) তারিখ: ১৩ পৌষ ১৪২৯ / ২৮ ডিসেম্বর ২০২২

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা;
২. মহাপরিচালক, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস), ঢাকা;
৩. জেলা প্রশাসক, খাগড়াছড়ি;
৪. উপজেলা নির্বাহী অফিসার, মানিকছড়ি, খাগড়াছড়ি;
৫. জেলা শিক্ষা অফিসার, খাগড়াছড়ি;
৬. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, মানিকছড়ি, খাগড়াছড়ি;
৭. সভাপতি, মানিকছড়ি ইসলামিয়া দাখিল মাদ্রাসা, মানিকছড়ি, খাগড়াছড়ি;
৮. পি ও টু চেয়ারম্যান, পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৯. অফিস কপি।

(মো: ওমর ফারুক) ২৮/১২/২২
উপ রেজিষ্ট্রার (প্রশাসন)
ফোন: ৯৬৭৪৮৭৪
ই-মেইল: dradmin@bmeb.gov.bd

২৮/১২/২২